**"শেখ রাসেল দিবস-২০২১" উদযাপন উপলক্ষে ছাত্র/ছাত্রীদের জন্য রচনা ও চিত্রাংকন এবং প্রেজেন্টেশন প্রতিযোগিতা**

**<u>উপ-কমিটি সভার কার্যবিবরণী:</u>**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এ.ডব্লিউ.এম রায়হান শাহ্<br>অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রংপুর<br>ও<br>"শেখ রাসেল দিবস-২০২১" উদযাপন উপলক্ষে রচনা, চিত্রাংকন ও প্রেজেন্টেশন প্রতিযোগিতা উপ-কমিটি |
| তারিখ | : | ১২/১০/২০২১ খ্রি. |
| সময় | : | সকাল ১২.৩০ মিনিট |
| স্থান | : | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রংপুর এর অফিস কক্ষ |

উপস্থিত: পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর আগামী ১৮ অক্টোবর ২০২১ খ্রি. তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫৭তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে জেলা প্রশাসন, রংপুরের উদ্যোগে আগামী ১৫/১০/২০২১ খ্রি. তারিখের মধ্যে ৩য়-১০ম শ্রেণির ছাত্র/ছাত্রীদের অংশগ্রহণে চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতা এবং ১৩-১৮ বছর বয়সের শিক্ষার্থীর জন্য প্রেজেন্টেশন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত প্রতিযোগিতাকে সাফল্যমন্ডিত করার লক্ষ্যে উপস্থিত সদস্যগণের মতামতের ভিত্তিতে নিম্নোক্ত কর্মসূচি ও সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়েছে।

১. কর্মসূচি:

| জমাদানের তারিখ | প্রতিযোগিতার ধরণ | জমা দেওয়ার সামগ্রিক তথ্য | গ্রুপ/শ্রেণি | প্রতিযোগিতার বিষয় | পুরস্কার বিতরণের স্থান ও তারিখ |
|---|---|---|---|---|---|
| ১৫/১০/২১ খ্রি. তারিখ | রচনা প্রতিযোগিতা | আগামী ১৫/১০/২০২১ খ্রি. তারিখ বিকাল ৪.০০ টার মধ্যে প্রত্যেকটি রচনা সফটকপি rangensec@gmail.com ই-মেইল ঠিকানায় প্রেরণ করতে হবে। | ক-বিভাগ (৩য় থেকে ৬ষ্ঠ শ্রেণি) | আমাদের ছোট রাসেল সোনা (৮০০ শব্দের মধ্যে A4 সাইজের কাগজ) | ১৮ অক্টোবর বেলা ১১.৩০ মিনিটে টাউন হল, রংপুরে পুরস্কার বিতরণ করা হবে। |
| | | | খ-বিভাগ (৭ম থেকে ১০ম শ্রেণি) | শেখ রাসেল: একটি স্বপ্নের মৃত্যু (১০০০ শব্দের মধ্যে A4 সাইজের কাগজ) | |
| | চিত্রাংকন প্রতিযোগিতা | আগামী ১৫/১০/২০২১ খ্রি. তারিখ বিকাল ৪.০০ টার মধ্যে প্রত্যেকটি চিত্রাংকন সফটকপি rangensec@gmail.com ই-মেইল ঠিকানায় প্রেরণ করতে হবে। | ক-বিভাগ (প্লে শ্রেণি থেকে ২য় শ্রেণি) | যেমন খুশি আঁকি | ১৮ অক্টোবর বেলা ১১.৩০ মিনিটে টাউন হল, রংপুরে পুরস্কার বিতরণ করা হবে। |
| | | | খ-বিভাগ (৩য় থেকে ৬ষ্ঠ শ্রেণি) জল/প্যাস্টেল রং | শেখ রাসেলের প্রতিকৃতি | |
| | | | গ-বিভাগ (৭ম থেকে ১০ম শ্রেণি) | আমার ভাবনায় শেখ রাসেল | |
| | প্রেজেন্টেশন প্রতিযোগিতা | আগামী ১৫/১০/২০২১ খ্রি. তারিখ বিকাল ৪.০০ টার মধ্যে প্রত্যেকটি প্রেজেন্টেশন সফটকপি deorangpur@yahoo.com ই-মেইল ঠিকানায় প্রেরণ করতে হবে। | ১৩-১৮ বছর বয়সের শিক্ষার্থী | "প্রিয় শেখ রাসেল" এর উপর ৮ হতে ১০ টি স্লাইড প্রেজেন্টেশন (প্রত্যেক প্রতিযোগিকে আবশ্যিকভাবে প্রেজেন্টেশনের ১ম স্লাইডে নিজের নাম, উপজেলা, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, শ্রেণি, রোল ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে) | ১৮ অক্টোবর বেলা ১১.৩০ মিনিটে টাউন হল, রংপুরে পুরস্কার বিতরণ করা হবে। |

চলমান পাতা-০২-

চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতায় প্রত্যেক প্রতিযোগিকে আবশ্যিকভাবে নিম্নোক্ত অংশ পূরণ করে পাঠাতে হবে। এক্ষেত্রে চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতায় লেখার প্রথম পাতায় rangensec@gmail.com ই-মেইলে নিম্নোক্ত অংশ সংযুক্ত করতে হবে।

| | | | |
|---|---|---|---|
| নাম: | মাতার নাম: | শ্রেণী: | শিক্ষা প্রতিষ্ঠানের নাম: |
| পিতার নাম: | উপজেলার নাম: | রোল: | মোবাইল নম্বর: |

**২. সভায় উক্ত প্রতিযোগিতার বিষয়ে আলোচনান্তে নিম্নোক্ত বিচারক মন্ডলীর প্যানেল গঠন করা হলো:**

চিত্রাংকন প্রতিযোগিতা:

(ক) জনাব মো: ফজলুল হক লিটন, সিনিয়র শিক্ষক, বিয়াম মডেল স্কুল এন্ড কলেজ, রংপুর।
(খ) জনাব লুৎফুল হায়দার আল মাসুম, ইনস্ট্রাক্টর, পিটিআই, রংপুর।
(গ) জনাব রাশিদুল ইসলাম বাসু, প্রশিক্ষক ও চিত্রাংকন শিক্ষক, জেলা শিল্পকলা একাডেমী, রংপুর।

রচনা ও প্রেজেন্টেশন প্রতিযোগিতা:
ক) প্রফেসর মোহাম্মদ শাহ আলম, সাবেক বিভাগীয় প্রধান (বাংলা বিভাগ), সরকারি বেগম রোকেয়া কলেজ, রংপুর।
(খ) মোতাহার হোসেন সুজন, সহযোগী অধ্যাপক (বাংলা বিভাগ), রংপুর সরকারি কলেজ, রংপুর।
(গ) জনাব শাহরিনা দিলরুবা, সহকারি জেলা শিক্ষা অফিসার, রংপুর।

উপরোক্ত বিচারকগণ ১৬/১০/২১ তারিখ বেলা ১০.০০ ঘটিকার মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়, রংপুরের ৩য় তলায় কম্পিউটার ল্যাব ভেন্যুতে বিচারকার্য সম্পন্ন করবেন।

৩. বিবিধ বিষয়

০১. "শেখ রাসেল দিবস -২০২১" উদযাপন উপলক্ষে জেলা প্রশাসক, রংপর কর্তৃক আয়োজিত বিভিন্ন বিষয়ে অংশগ্রহণকারীদের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল) প্রধানদের পত্র দেয়ার জন্য জেলা শিক্ষা অফিসার, রংপুর, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রংপুর সহ জেলা কালচারাল অফিসার, রংপুর, জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, রংপুর, সহকারি পরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রংপুরকে সার্বিক সহযোগিতার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

০২. উল্লিখিত প্রতিযোগিতার বিষয়গুলো ব্যাপক প্রচারের জন্য বিভাগীয় জেলা তথ্য অফিস, রংপুরকে এবং জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর এর ওয়েব পোর্টালের নোটিশ বোর্ডে দেয়ার জন্য আইসিটি শাখার ভারপ্রাপ্ত কর্মকর্তা, রংপুর এবং প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, রংপুরকে অনুরোধ করা হলো।

০৩. রচনা, চিত্রাংকন এবং প্রেজেন্টেশন প্রতিযোগিতায় বিজয়ী ছাত্র/ছাত্রীদের মাঝে পুরস্কার হিসেবে ক্রেস্ট, লেমিনেটিং করা সনদপত্র এবং মাননীয় প্রধানমন্ত্রীর লেখা "আমার ছোট সোনামণি রাসেল" বইটি দেওয়া হবে। সনদপত্র শেখ রাসেলের ছবি জলছাপ-এর মত করে ছাপিয়ে সনদ বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সহকারী কমিশনার (শিক্ষা ও কল্যাণ শাখা), রংপুর-কে অনুরোধ করা হয়।

০৪. আগামী ১৫/১০/২০২১ খ্রি. তারিখ বিকাল ৪.০০ টার মধ্যে বর্ণিত মেইলে প্রাপ্ত প্রত্যেকটি প্রেজেন্টেশন সফটকপি সংগ্রহপূর্বক উক্ত তারিখে বিকাল ৫.০০টার মধ্যে জনাব মোছা: মলিহা খানম, সহকারী কমিশনার, শিক্ষা ও কল্যাণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর এর নিকট প্রেরণের জন্য জেলা শিক্ষা অফিসার, রংপুরকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

০৫. জনাব মোছা: মলিহা খানম, সহকারী কমিশনার, শিক্ষা ও কল্যাণ শাখা, রংপুর ও জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, রংপুরকে সার্বিক বিষয়ে তদারকি করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এ.ডব্লিউ.এম রায়হান শাহ্)
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
রংপুর
ও
আহবায়ক
"শেখ রাসেল দিবস-২০২১" উদযাপন উপলক্ষে রচনা, চিত্রাংকন ও প্রেজেন্টেশন প্রতিযোগিতা উপ-কমিটি।

চলমান পাতা-০৩-